**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুব্য-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.modmr.gov.bd**

**'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে ২য় প্রস্তুতি সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামরুল হাসান *এনডিসি*<br>সচিব<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়), ঢাকা। |
| সভার তারিখ | : | ০২-০২-২০২৩ খ্রি: |
| সময় | : | বেলা ১১:৩০ ঘটিকা |
| উপস্থিতি | | পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আগামী ১০ মার্চ, ২০২৩ তারিখে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' যথাযথভাবে উদ্‌যাপনে সার্বিক প্রস্তুতি গ্রহণের নিমিত্ত সভাপতি সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করেন। সচিব মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (দুব্য-২) আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| নং | আলোচ্য বিষয় | অগ্রগতি ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | **কেন্দ্রিয়ভাবে উদ্বোধনী, আলোচনা অনুষ্ঠানস্হল নির্ধারণ, প্রধান অতিথি এবং বিশেষ অতিথি নির্বাচন:-**<br>বিগত কয়েক বছর যাবত 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস'টি ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হয়ে আসছে। বর্তমানে ওসমানী স্মৃতি মিলনায়তনটি আরো আধুনিক করা হয়েছে। তাছাড়া ১৩ অক্টোবর, ২০২২ তারিখে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের উদ্বোধনী অনুষ্ঠানও এ হলে করা হয়েছে।<br>'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২২' এর ন্যায় প্রধান অতিথি হিসেবে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী উপস্থিতি বিষয়ে আলোচনা। | 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' এবং 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৩' এর উদ্বোধনী অনুষ্ঠানের ভ্যেনু হিসেবে আগামী ০৯-১০ মার্চ এবং ১২-১৩ অক্টোবর, ২০২৩ তারিখে বিনা ভাড়ায় বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ২. | **দিবসের প্রতিপাদ্য নির্ধারণ:-**<br>প্রতি বছর দিবসটি সম্পর্কে এ মন্ত্রণালয় থেকে একটি প্রতিপাদ্য নির্ধারণ করা হয়ে থাকে। এ বছরও অনুরূপ একটি প্রতিপাদ্য নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। | স্মার্ট বাংলাদেশ বিষয়টিকে প্রধান্য দিয়ে একটি প্রতিপাদ্য নির্ধারণ করার বিষয়ে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে অনুরোধ করা হয়। |
| ৩. | **আমন্ত্রণপত্র প্রস্তুত, আমন্ত্রণ নিশ্চিতকরণ ও প্রটোকল ব্যবস্থাপনা:-**<br>সরকারী প্রটোকল অনুযায়ী সংশ্লিষ্ট সকলের নিকট অনুষ্ঠানের ৫দিন আগে অতিথিদের তালিকা অনুযায়ী আমন্ত্রণপত্র বিতরণ নিশ্চিতকরণ এবং অতিথিদের অভ্যর্থনার ব্যবস্থাকরণ। | এ বিষয়ক উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে একটি সভা আয়োজন করা হয়। বাংলা প্রতিপাদ্য নির্ধারণ হলে আমন্ত্রণপত্র খসড়া প্রস্তুতপূবক সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করা হবে। |
| ৪. | **উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, গেট নির্মাণ, সিপিপি স্বেচ্ছাসেবকদের ক্রেস্ট ব্যবস্থাপনা ইত্যাদি:-**<br>ওসমানী স্মৃতি মিলনায়তনের অভ্যন্তরে উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, গেট নির্মাণ, সিপিপি স্বেচ্ছাসেবকদের ক্রেস্ট ব্যবস্থাপনা ইত্যাদির ব্যবস্থাকরণ। | উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, গেট নির্মাণ, সিপিপি স্বেচ্ছাসেবকদের ক্রেস্ট ব্যবস্থাপনা ইত্যাদি সুষ্ঠভাবে সম্পন্ন করার নিমিত্ত প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন। |
| ৫. | **সুভ্যেনির প্রকাশনা উপ-কমিটি:-**<br>এ বছর 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' এ অন্যান্য দিবসের ন্যায় একটি যথাযথ সুভ্যেনির প্রকাশের ব্যবস্থাকরণ। | গুনগত মানসম্পন্ন লেখা সন্নিবেশ করে উন্নতমানের কাগজে সুভ্যেনির প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে বর্ণিত কমিটির সদস্য সচিব জনাব মুনিরা সুলতানা, উপসচিব সভাকে জানান। |

| নং | আলোচ্য বিষয় | অগ্রগতি ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ৬. | **ভিডিও ক্লিপ প্রদর্শন, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার প্রদান উপ-কমিটি:-** এ সংক্রান্ত উপ-কমিটি কার্যসম্পাদন করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত ভিডিও'র সাথে সংঘতি রেখে একটি স্বল্প দৈর্ঘের ভিডিও প্রস্তুত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭. | **ক্রোড়পত্র প্রকাশ ও বাণীসমূহ প্রস্তুতকরণ:-** বর্ণিত দিবস উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এ বছরও অনুরুপভাবে ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, অনুষ্ঠানের বিশেষ অতিথি এবং এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের বাণী সংগ্রহ/প্রস্তুতকরণ। | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, প্রস্তুতিমূলক একটি সভা আয়োজন করা হয়েছে। অন্যান্য দিবসের ন্যায় সময় হাতে রেখে সকল বাণীসমূহ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮. | **পোস্টার, লিফলেট প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি:-** পোস্টার ও লিফলেট প্রস্তুত করে মাঠ পর্যায়ের জেলা ও উপজেলায় এবং জাতীয় পর্যায়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। | নির্দিষ্ট সময়ের পূর্বে পোস্টার, লিফলেট প্রস্তুত করে প্রত্যেকটি উপজেলায় এবং পোস্টার গ্লোসি কাগজে ছাঁপানোর (পঁচনশীল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯. | **রেডিও এবং টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান, গোলটেবিল বৈঠক আয়োজন এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার:-** 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারি ও বেসরকারি বেতার এবং টেলিভিশনে আলোচনা অনুষ্ঠানের আয়োজনকরণ। | অন্যান্য দিবসের ন্যায় 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' এর জন্য রেডিও এবং টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান, গোলটেবিল বৈঠক আয়োজন এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১০. | **ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া উপ-কমিটি:-** ঢাকার মধ্যে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়, হাসপাতাল, বস্তি বা মার্কেট এবং নৌযানে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠানের আয়োজনকরণ। | ২৩-০২-২৩ খ্রিঃ বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ০১-০৩-২৩ খ্রিঃ বুধবার, কল্যাণপুর বস্তি এবং ০৯-০৩-২৩ খ্রিঃ বৃহস্পতিবার জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে-বাংলা নগর, ঢাকায় মোট ৩টি মহড়া আয়োজন করা হবে। |
| ১১. | **অর্থ ও বাজেট বিষয়ক উপ-কমিটি:-** বাজেট সংগ্রহ ও তা যথাযথভাবে খরচ নিশ্চিতকরণ। | অতিরিক্ত সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্ব-স্ব উপ-কমিটির প্রাক্কলিত বাজেট প্রেরণ করার জন্য অনুরোধ জানান। দুর্যোগ প্রশমন দিবসের যে সকল ব্যয় এখনো সমন্বয় করা হয়নি তা দ্রুত সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ব স্ব উপ-কমিটির বাজেট প্রেরণের বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১২. | **উপস্থাপনা, উপস্থাপনার স্ক্রীপ্ট, খসড়া বক্তব্য তৈরী, পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ:-** অনুষ্ঠান উদ্‌যাপন উপলক্ষ্যে উপস্থাপনা, উপস্থাপনার স্ক্রিপ্ট, খসড়া বক্তব্য তৈরি ও পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ বিষয়ক কার্যক্রম গ্রহণ। | পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ এবং প্রস্তুতি দিবসের উপস্থাপনা অত্র মন্ত্রণালয়/ অধিদপ্তর/সিপিপি থেকে নির্বাচন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতির বক্তব্যের ইংরেজি অনুবাদকপি আগত অতিথিবৃন্দকে সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৩. | **জেলা ও উপজেলা পর্যায়ে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন বিষয়ক উপ-কমিটি:-** অনুষ্ঠান উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থাকরণ। | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জানান যে, জেলা ও উপজেলা পর্যায়ে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন বিষয়ক গঠিত উপ-কমিটি সংশ্লিষ্ট বিষয়গুলোতে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সংশ্লিষ্ট সকল জেলা/উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে ছাড় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৪. | **আপ্যায়ন উপ-কমিটি:-** অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকল অতিথিবৃন্দের সুষ্ঠুভাবে আপ্যায়নের ব্যবস্থাকরণ। | অতিরিক্ত সচিব (সেবা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নেতৃত্বে গঠিত আপ্যায়ন উপ-কমিটি অনুষ্ঠানে অংশগ্রহণকারী অতিথিসহ সংশ্লিষ্ট সকলের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৫. | **আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস ব্রিফিং সংক্রান্ত উপ-কমিটি:-** আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস ব্রিফিং সংক্রান্ত কার্যক্রম গ্রহণকরণ। | অতিরিক্ত সচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নেতৃত্বে গঠিত উপ-কমিটি আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস ব্রিফিং এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

৩। সংশ্লিষ্ট উপ-কমিটিগুলো স্ব-স্ব বিষয়ে সভা করে কর্মপরিকল্পনা এবং বাজেট তৈরি করে ০৯ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে আহবায়ক (অর্থ ও বাজেট) উপ-কমিটি বরাবর দাখিল করবেন। অর্থ ও বাজেট উপ-কমিটি সামগ্রিক খসড়া কর্মপরিকল্পনা ও বাজেট পিপিআর ও সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান অনুযায়ী পরীক্ষা নিরীক্ষা করে সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত করবেন।

৪। 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন পরবর্তী সভার পূর্বে সংশ্লিষ্ট উপ-কমিটি তাদের নিজ নিজ সমন্বয় বিল আহবায়ক (অর্থ ও বাজেট) উপ-কমিটি বরাবর দাখিল করবেন।

৫। অতঃপর আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০২/২০২৩

(মোঃ কামরুল হাসান *এনডিসি*)
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন
উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন সংক্রান্ত
মূল আয়োজক কমিটি।

নং-৫১.০০.০০০০.৩২১.২৩.০০২.২০২২.৩৮/১(৫০) তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ।

<u>বিতরণঃ(জ্যেষ্ঠতা/পদমর্যাদার ক্রমানুসারে নয়):</u>

১. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. আহবায়ক (সকল), 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য/সদস্য সচিব (সকল), জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন সংক্রান্ত উপ-কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর/ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ঢাকা।
৫. শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার।
৬. প্রকল্প পরিচালক, DRMEP শীর্ষক প্রকল্প, মহাখালী, ঢাকা।
৭. মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, বড় মগবাজার, ঢাকা-১২১৭।
৮. যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০. প্রধান (যুগ্মসচিব), শরণার্থী সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
১২. পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৫. উপ-প্রধান তথ্য অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৬. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. সিস্টেম এনালিষ্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনলায় [বর্ণিত প্রস্তুতি সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশসহ, সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]।
১৮. অতিরিক্ত সচিব (দুর্যোগ ব্যবস্থাপনা-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৯. যুগ্মসচিব (দুর্যোগ ব্যবস্থাপনা-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
২০. অফিস কপি।

২৪/২/২০২৩

(সানজিদা ইয়াছমিন)
সিনিয়র সহকারী সচিব (দুব্য-২)